# ২০২৩

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

### পত্র ঃ SEC-B-1

### (ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ঘন ঘন লোডশেডিং সমাজের অগ্রগতিকে ব্যাহত করে—এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

*অথবা,*

(খ) একটি ব্যবসা প্রতিষ্ঠানের কর্ণধার হিসেবে ব্যাংকের কাছে প্রয়োজনীয় ঋণের আবেদন জানিয়ে একটি পত্রের খসড়া রচনা করো। ১০

২। (ক) কলেজে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন তৈরি করো। ১০

*অথবা,*

(খ) নিম্নলিখিত অংশটি বাংলায় অনুবাদ করো —

It is impossible to describe the beauty of the Taj in words. It has been called 'a dream in marble' and 'a tear drop on cheeks of time'. But the fairest phrases fail to do justice to the surpassing creation of art. The Taj is best seen by the moonlight. When the dazling white marble is mellowed into a dreamy softness. ১০

৩। (ক) গবেষণার আদর্শ বিন্যাসক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) কপিরাইট আইনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও — ৫×৬

(ক) ব্যক্তিগত পত্রের আঙ্গিকগুলি উল্লেখ করো।

(খ) প্রাতিষ্ঠানিক পত্র সম্বন্ধে আলোচনা করো।

(গ) বিজ্ঞাপন রচনার সময় কোন কোন দিকে বিশেষ নজর দিতে হয়— সেগুলি লেখো।

(ঘ) আদর্শ-সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তগুলি উল্লেখ করো।

(ঙ) গবেষণার বিভিন্ন শ্রেণিগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) টীকা লেখো — 'উৎস নির্দেশ পদ্ধতি'।

(ছ) টীকা লেখো — গ্রন্থপঞ্জি।

(জ) টীকা লেখো — সম্পাদকীয় প্রতিবেদন।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×২০

(ক) প্রতিবেদক কাকে বলে?

(খ) ব্যক্তিগত পত্রে পত্রলেখকের ঠিকানা কোথায় থাকে?

(গ) নিমন্ত্রণ পত্রের দুটি অংশের নাম লেখো।

(ঘ) আদর্শ বাংলা বাক্যে কর্ম কোথায় বসে?

(ঙ) ব্যাবহারিক পত্র কাকে বলে?

(চ) সম্ভাষণ কাকে বলে?

(ছ) কপিরাইট আইন-এর প্রথম কোথায় প্রচলন ঘটে?

(জ) 'গৃহশিক্ষক চাই' কী জাতীয় বিজ্ঞাপন?

(ঝ) গবেষণাকর্মে তথ্য সংগ্রহের একটি উৎসের নাম লেখো।

(ঞ) অনুবাদের মূল উদ্দেশ্য কী?

(ট) পাদটীকা কাকে বলে?

(ঠ) 'হোর্ডিং' কী জাতীয় বিজ্ঞাপন?

(ড) 'Blessed be your tongue'– বাংলায় অনুবাদ করো।

(ঢ) 'You ought to have helped her'– বাংলায় অনুবাদ করো।

(ণ) 'Be hold your tongue'– বাংলায় অনুবাদ করো।

(ত) বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন মূল গ্রন্থ অবলম্বনে লিখিত?

(থ) লেখকের মৃত্যুর কত বছর পর গ্রন্থসত্ত্ব থাকে না?

(দ) পাণ্ডুলিপি কী?

(ধ) কুন্তিলক বৃত্তি বলতে কী বোঝো?

(ন) বর্ণানুক্রমিক বলতে কী বোঝো?

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা-২)

**পূর্ণমান - ৮০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটি অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে শিরোনাম-সহ একটি গল্প রচনা করো : ১০

একটি লোকের একটি হাঁস ছিল, হাঁসটির পাড়া সোনার ডিম বিক্রি করে লোকটি ধনী হয়ে উঠছিল। কিন্তু একসাথে অনেক সোনার ডিম পাবে বলে লোকটি একদিন হাঁসটিকে মেরে ফেলল।

*অথবা,*

(খ) প্রবন্ধ লেখো (৩০০ শব্দের মধ্যে) — ১০

বিশ্ব-উষ্ণায়নের প্রভাব।

২। (ক) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধি অনুসরণে তদ্ভব শব্দের বানান বিষয়ে আলোচনা করো। ১০

৩। (ক) রোমীয় বর্ণমালা কী? এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) নিচের অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো। ১০

"শিলাইদহের অপর পারে একটা চরের সামনে আমাদের বোট লাগানো আছে। প্রকাণ্ড চর— ধূধূ করছে— কোথাও শেষ দেখা যায় না— কেবল মাঝে মাঝে এক এক জায়গায় নদীর রেখা দেখা যায়।—"

৪। *যে-কোনো ছয়টি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো — ৫×৬

(ক) ছোটগল্পের বৈশিষ্ট্য

(খ) বিষয়ভিত্তিক প্রবন্ধের বৈশিষ্ট্য

(গ) বিদেশি শব্দের বানানবিধি (পশ্চিমঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি অনুসারে)

(ঘ) বাংলা বানানের ক্ষেত্রে যুক্তাক্ষরের সমস্যা

(ঙ) বাংলা বানানের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি নির্দেশিত 'ই'-কার ব্যবহারবিধি।

(চ) বানানগুলির শুদ্ধ রূপটি চিহ্নিত করো —

পৌরহিত্য/পৌরোহিত্য, পুজো/পূজো, কৃষিজীবি/কৃষিজীবী, ভুল/ভূল, দূর্নীতি/দুর্নীতি।

**Please Turn Over**

(ছ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করার ক্ষেত্রে মূলনীতিটি উদাহরণসহ আলোচনা করো।

(জ) নীচের বর্ণগুলির IPA রূপ লেখো —

ঋ, ঐ, ও, ঙ্, ঞ্, ণ, ন, ম, ড়, ক।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×২০

(ক) প্রবন্ধ কয় প্রকার ও কী কী?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(গ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি গল্পের নাম লেখো।

(ঘ) 'খোকা' শব্দটি রোমীয় বর্ণমালায় লিপ্যন্তর করো।

(ঙ) ইংরেজিতে I.P.A.-র পূর্ণরূপটি লেখো।

(চ) 'রামমোহন রায়' নামটি I.P.A.-তে লেখো।

(ছ) শুদ্ধ বানান লেখো— পুণ্য/পূণ্য।

(জ) রাজশেখর বসুর লেখা অভিধান গ্রন্থটির নাম লেখো।

(ঝ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা অনুসারে 'ই' ধ্বনিটি কীভাবে লিখিত হয়?

(ঞ) বাংলা বর্ণমালায় আছে অথচ আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় নেই এমন একটি বর্ণের উল্লেখ করো।

(ট) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা অনুসারে 'শ্' ধ্বনিটি কীভাবে লিখিত হয়?

(ঠ) 'বিবিধ প্রবন্ধ' কার লেখা?

(ড) রোমীয় লিপিতে ক-টি বর্ণ আছে?

(ঢ) পশুদের নিয়ে লেখা একটি গল্পের নাম লেখো।

(ণ) 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলি কোন শ্রেণিতে পড়ে?

(ত) 'চ' ধ্বনির I.P.A. চিহ্নটি লেখো।

(থ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নিয়ম অনুসারে ইংরেজি 'S'-এর ক্ষেত্রে বাংলার কোন বর্ণ ব্যবহৃত হবে?

(দ) ছুটি/ছুটী— সঠিক বানানটি লেখো।

(ধ) কালিদাস/কালীদাস— কোন বানানটি সঠিক?

(ন) 'আ' বাংলা বর্ণের রোমীয় লিপিটি কী?

---